# সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী সুনামগঞ্জ।

Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com


স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬২.০১.০০৮.২৪.১২১৩ তারিখঃ- ১৭ চৈত্র ' ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## " পুনঃ নিলাম বিজ্ঞপ্তি"

সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির পবিস সদর দপ্তরস্থ ওয়ার্কশপে রক্ষিত পল্লী বিদ্যুতায়ন কাজে ব্যবহার অনুপযোগী নষ্ট কাট পিচ স্টীলপাতি, নষ্ট মরিচা পড়া কোর এবং লোহার কাট পিচ ব্যবহার অযোগ্য মালামাল সমূহ পুনঃ নিলামে বিক্রয়ের জন্য (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | মালামালের ধরণ ও বিবরণ | পরিমান (কেজি/টি) | উদ্ধৃত একক মূল্য (টাকা) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১. | নষ্ট কাট পিচ স্টিল পাতি | ২২০ কেজি | | |
| ০২. | নষ্ট মরিচা পড়া কোর | ১৭০(কেজি) | | |
| ০৩. | লোহার কাট পিচ (বড়/ছোট) | ১৩০(কেজি) | | |
| | | | মোট= | |

০১. <u>নিলাম দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ</u>- ০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।

০২. <u>নিলাম দরপত্র জমা দেয়ার স্থানঃ</u> (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), খিলক্ষেত, ঢাকা অথবা (খ) সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ এ রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে।

০৩. <u>নিলাম দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান:</u> একই দিন অর্থাৎ ০৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০৫ ঘটিকার সময় (যেখানে দরপত্র দাখিল হবে সেই সকল স্থানে) অর্থাৎ পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, ৯ম তলা, বাপবিবো, ঢাকা ও সুনামগঞ্জ পবিস, ওয়েজখালী, সুনামগঞ্জ-এ উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

**<u>শর্তাবলী ঃ</u>**

**০১.** নিলাম দরপত্রে উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্যের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ মূল্যকে গৃহীত দর হিসাবে বিবেচনা করা হবে। তবে সমিতি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। সীলমোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **<u>"সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ব্যবহার অযোগ্য মালামাল ক্রয়ের পুনঃ নিলাম দরপত্র"</u>** কথাটি লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

**০২.** নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৩. পুনঃ নিলামে মালামাল ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেষ্ট মানি/দরপত্র জামানত "জেনারেল ম্যানেজার, সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহনযোগ্য হিসাবে বিবেচনা করা হবে।

**০৪.** আগ্রহী নিলাম দরদাতাগণ অত্র সমিতির সদর দপ্তর হতে অফিস সময়ের মধ্যে নিলাম দরপত্রের জন্য অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (ছুটি দিন ব্যতীত) বর্ণিত মালামাল সমিতির সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ-এ পরিদর্শন করতে পারবেন।

০৫. কৃতকার্য দর প্রস্তাবকারীকে দর প্রস্তাব সংক্রান্ত সিদ্ধান্ত বা কার্যাদেশ জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম দরের উপর ১০% হারে উৎস কর ও ৭.৫০% হারে (সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী) ভ্যাট নগদ/ডিডি/ব্যাংক ড্রাফট পে-অর্ডার এর মাধ্যমে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে পরিশোধ পূর্বক মালামাল গ্রহন করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেষ্টমানি/ দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর মালামাল সরবরাহ করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাকে আর্নেষ্ট মানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৬. উপরে বর্ণিত মালামালগুলোর মধ্যে কোন একক আইটেমের মালামালের জন্য নিলাম দরপত্রে অংশ গ্রহন করা যাবে না। সকল মালামালের জন্য দর দাখিল করতে হবে। একত্রে সব মালামালের সর্বোচ্চ বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রি করা হবে।

০৭. সুনামগঞ্জ পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই নিলাম দর প্রস্তাব গ্রহন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখিত শর্ত বর্হিভুত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৮. আগ্রহী দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (**Web : pbs.sunamganj.gov.bd**)-এর নোটিশ বোর্ডে প্রকাশিত হয়েছে।

(মিলন কুমার কুন্ডু)
জেনারেল ম্যানেজার (চ: দা:)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ সদয় অবগতি ও বহুল প্রচারের লক্ষ্যে নোটিশ বোর্ডে টানানোর জন্য বিনীত অনুরোধ করা হলো।

০১. পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, সিলেট জোন, সিলেট।
০৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৪. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৫. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ......................... পবিস ১/২/৩/৪।
০৬. নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, সুনামগঞ্জ।
০৭. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, সুনামগঞ্জ।
০৮. ডিজিএম (সদর-দপ্তর-কারিগরি)/ছাতক জোনাল অফিস।
০৯. **উপজেলা নির্বাহী অফিসার.....................সুনামগঞ্জ।**
১০. এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর/দিরাই/জগন্নাথপুর/শান্তিগঞ্জ/তাহিরপুর/দোয়ারাবাজার/জামালগঞ্জ সাব জোনাল অফিস।
১১. এজিএম(প্রশাসন/অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি/**মানবসম্পদ**), সুনামগঞ্জ পবিস।
১২. এজিএম (আইটি-২), সুনামগঞ্জ পবিস (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের নির্দেশ সহ)।
১৩. স্টোর কীপার, সুনামগঞ্জ পবিস।
১৪. নোটিশ বোর্ড, সুনামগঞ্জ।
১৫. অফিস কপি/মাস্টার কপি।

(মিলন কুমার কুন্ডু)
জেনারেল ম্যানেজার (চ: দা:)